

Activité 1. Transfert de connaissances auprès des participant.e.s des groupes de discussion

Atelier à Mirpur



Atelier à Mugda



Atelier à Uttara



Atelier à Chawbazaar



ফলাফল (মিরপুর)

RESULTS FROM MIRPUR

01

ধারণা ও বিশ্বাস KNOWLEDGE & BELIEVES

"ডেঙ্গু এখানে বাসা বাঁধছে, ও বড় হইছে, ও... ডিম পাইডা ও উড়ে গেছে। ওই ডিম গুলা আবার ফুটবে, কোনভাবে এটা আবার উৎপন্ন হয়..." FGD1

"Dengue is nesting here, it has grown, it has laid ... eggs and has flown away. Those eggs will hatch again, somehow it will be reproduced. FGD1

ডেঙ্গু একটা ভাইরাস জ্বর।
It is a viral fever (infection).

বাসা-বাড়ির আশেপাশের ড্রেনিংগুলা ডেঙ্গুর উৎস।
Drains near the house are the source of dengue.

লক্ষণ/উপসর্গগুলো হল জ্বর, মাথাব্যথা, হাত-পা এ ব্যথা, চুলকানি হওয়া, এবং বমি করা।
The symptoms are fever, headache, pain in hands and feet, rash and vomiting.

02

ডেঙ্গু সংক্রান্ত তথ্যের উৎস SOURCES OF INFORMATION ABOUT DENGUE

"আমি জানতে পারছি (ডেঙ্গু) টিভি তো টিভি দেখে। খবর টবর দেখতাম তো। তখন দেখতাম যে ডেঙ্গু কামড় দিলে কী হয় বা মানুষের কতটুকু ক্ষতি হতে পারে। কতটুকু ছড়াতে পারে, ময়লা পানি থেকে জন্ম নিতে পারে। ঐভাবে টিভি খুঁইলা দেখছি..." FGD2

"I came to know (dengue) by watching TV. I used to watch the news. Then I used to see what happens if dengue bites or how much harm can be done to people. How much it can spread, it can be born from dirty water. That is how I saw on TV..." FGD2

তথ্যের অন্যান্য উৎসগুলো হলঃ ইউটিউব, ফেইসবুক, ডাক্তার।
Other sources of information: YouTube, Facebook, doctor

"টিভি, ফেসবুক ও ইউটিউবে মাঝে মাঝে ভুয়া (খবর) ও আসে। মানুষ যেটা বলে সেটা সত্য হয়।" FGD2

"TV, Facebook and YouTube sometimes show fake (news) too. What people say is true." FGD2

"...টিভিতে ও খবরেও দেখি হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হচ্ছে। এজন্য ৮০% (তথ্য) বিশ্বাসযোগ্য মনে হয়।" FGD1

"...I see on TV and news that in hospital there are dengue patients. That is why 80% (of the information) seems credible." FGD1

সবথেকে বিশ্বাসযোগ্য উৎস হল টিভির খবর/সংবাদ। ডাক্তারও বিশ্বাসযোগ্য। পরিবারের সদস্যরা, বন্ধু-বান্ধবও বিশ্বাসযোগ্য উৎস হতে পারে।
The most reliable source is TV news. Doctor is trustworthy. Family members and friends can be a trustworthy source.

03

ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধমূলক কার্যক্রম CONTROL & PREVENTIVE PRACTICES

"এরকমই বেশিরভাগই হয়। এইডাই হয় যদি ডাক্তার মনে করে যে তিন দিনের কোর্স দিচ্ছি, তিন দিনে জ্বর ভালো হয় নাই, তাহলে তুমি রক্ত পরীক্ষা করে নিয়ে।" FGD1

"This is mostly the case. If the doctor thinks that I have given a three-day course, the fever has not been better in three days, then you should get a blood test" FGD1

"এটা ওটা খাওয়াইসি। তরল জাতীয় খাবার। পেঁপে পাতার রস করে খাই। তাহলে ওষুধটা আর লাগবে না। যেহেতু পেঁপে পাতার রস খাওয়াইছস এটা লাগবে না। রসটাই খাওয়া।" FGD2

"I fed this and that. Liquid foods. Eat papaya leaf juice. Then you don't need the medicine anymore. Since you are feeding papaya leaf juice, you do not need it. Drink the juice." FGD2

লক্ষণগুলো নিয়ন্ত্রণে রাখতে যে যে খাবার কাজ করেঃ আনারস, ডাবের পানি, সরিষা বাটা দিয়ে গরম ভাত।
Specific foods to manage symptoms: pineapple, coconut water, rice with mustard paste.

ঘর ও পানির পাত্র তিনদিন পর পর পরিষ্কার করা। ঘুমানোর সময় মশারী ব্যবহার করা এবং ঘরে কয়েল ব্যবহার করা।
Cleaning the house and cleaning the water container every 3 days. Using mosquito nets while sleeping and use coils in the house.

04

কমিউনিটি ইনভলভমেন্ট Community Involvement

"আমার পরিবারের সাথে যেকোন আমার আলোচনা হয়, যেকোন ঘরে আমি আতকা কোন ধরনের মশা দেখলে বা অন্যরকম পোক দেখলে এইটা ডেঙ্গু কিনা এটা নিয়ে আমরা গবেষণা করতে থাকি। এইটা কোথেকে এলো এবং কিভাবে হলো... বা কারো কাছে যদি দেখি যে এরকম কিছু একটা বিষয়ে আটকে আছে যেটার ভিতরে ডেঙ্গু হতে পারে, তখন ঐ সময় আবার আলোচনাটা সামনে এসে পড়ে। ওই ক্ষেত্রে তখন তার সাথে পরিস্থিতি দেখা আলোচনা করি।" FGD1

"I discuss with my family, like, whenever I see a mosquito or other insect in my house, we keep researching whether it is dengue. Where did it come from and how did it happen... or if I see someone is having something that could produce dengue, then that discussion comes up again. In that case, I discuss with them depending on the situation." FGD1

সময় হয়ে না উঠায় নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ এ পরিবারের অংশগ্রহণ কমে।
The lack of time decreases the family's participation in control measures.

সবাই নিজ নিজ ঘরে নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ নেয়, কিন্তু বাইরে এটা করা বেশ কঠিন।
Everyone takes control measures inside their homes, but it is difficult outside.

05

সিটি কর্পোরেশন এর কার্যক্রম Municipality Activities

"কিছুদিন আগে তো একবার আসছিল (সিটি কর্পোরেশন) খাড়া দেয়ার জন্য [...] (সিটি কর্পোরেশন) মশার ওষুধ দেয় মাঝে মাঝে। আর তেমন কোনো পদক্ষেপ নেয়নি।" FGD2

"A few days ago, they (DNCC) came once to sweep [...] (DNCC gave) mosquito medicine sometimes. No other notable action was taken." FGD2

সিটি কর্পোরেশন মশার ঔষধ দেয় যেমন ধোঁয়া দেয়া, স্প্রে করা।
City corporation actions include mosquito medicine (fogging and/or spraying).

সিটি কর্পোরেশন কর্মীদের বাসার ভিতরে প্রবেশ করাটা সাধারণ চর্চা না।
DNCC workers entering the house is not a common practice.

ইমপ্লিকেশন Implications

- কমিউনিটির অংশগ্রহণে ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য লক্ষ্যভিত্তিক কার্যক্রম ডিজাইন করা
- কমিউনিটির সদস্যদেরকে উন্মুক্ত আলোচনায় সম্পৃক্ত করে গবেষণা কার্যক্রম ডিজাইন করা যেন তারা তাদের প্রেক্ষাপট ও প্রয়োজনগুলো বুঝতে পারে।
- ডেঙ্গুর ঝুঁকি ও নিয়ন্ত্রণ নিয়ে কমিউনিটির মধ্যে সহযোগিতা ও যোগাযোগ বাড়াতে বিভিন্ন কার্যক্রম উৎসাহিত করা।

ফলাফল (মুগদা)

RESULTS FROM MUGDA

01

ধারণা ও বিশ্বাস KNOWLEDGE & BELIEVES

“(জ্বর) বা কি ভাইরাস (ডেঙ্গু) থেকে হচ্ছে কিনা... তো এইভাবে আর যেই আসে পাশে, যে নর্দমা, যে অবস্থা, মানে এটা থেকে তো ডেঙ্গু হবে নিশ্চিত। এটা থেকে তো বাঁচার কোন উপায় নাই।”
“(Fever) Or is it from a virus (Dengue)... So the surroundings, the sewer, the condition, I mean, it is sure to cause dengue. There is no way to escape from it”

• ডেঙ্গু একটা ভাইরাস রোগ, জমা পানিতে হয় এইটা।
Dengue is a viral disease that occurs due to stagnant water.

• উপসর্গ/লক্ষণগুলো হলঃ জ্বর, পা এ ব্যাথা, মাংসপেশীতে ব্যাথা, বমি বমি ভাব, এবং চুলকানি হওয়া।
Symptoms are fever, pain in the feet, muscle pain, nausea, and rash.

• এটা মশার কামড়ের মাধ্যমে ছড়ায়। দিনের বেলায় কামড় দেয়।
It is transmitted by mosquitoes that bite during the day.

02

কমিউনিটি ইনভলভমেন্ট Community involvement

“... আসলে আমার ননাসের মেয়ে একটা ও জ্বরে পড়ে আছে। ডেঙ্গু হয়েছে কিনা এগুলো মানে আমাদের মধ্যে হইতেছে, ফোনেও কথা (জ্বর নিয়ে) হইতেছে...”
“...in fact, my sister in law's daughter is having a fever. Whether it is dengue or not, we are talking (about the fever) even on the phone...”

• পাশের বাসার কেউ কিংবা পরিবারের কারো যখন জ্বর বা ডেঙ্গুর লক্ষণ দেখা দেয় তখন মূলত ডেঙ্গু নিয়ে আলোচনাটা উঠে আসে।
Discussion about dengue mostly arises when someone from the neighbourhood or family has symptoms of a fever.

• সময়ের অভাব এবং ওয়ার্ড কমিশনারের অনুপস্থিতি নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ বাস্তবায়নের অন্তরায়।
Lack of time and the absence of the commissioner are barriers to implementing preventive practices.

03

ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধমূলক কার্যক্রম CONTROL & PREVENTIVE PRACTICES

“এটা তো ডাক্তারদের... তিন দিন পরে যদি জ্বরটা না কমে তখন ডাক্তার দেখালে আপনার টেস্ট দেয়। ঐ টেস্টের পরে বুঝা যায় যে ডেঙ্গু জ্বর এটা...”
“If the fever does not diminish after three days, then the doctor gives you test. After that test, it is understood that dengue fever is it...”

• জ্বর হলে লেবুর শরবত খাও, নাপা খাও (আনারস, পেঁপে, ডাবের পানি, এবং খানকুনি পাতা)।
In case of fever, drink lemon juice or take napa (Pineapple, papaya, coconut water, and centella leaf).

• বাড়িতে ডেঙ্গু হলে শিশুদের পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে, তরল ও স্যালাইন খাওয়াতে হবে।
In case of dengue in the house, keep the children clean, administer fluids and saline

• মশার কামড় প্রতিরোধে নারকেল তেল ব্যবহার করা। মশারি ব্যবহার করা, সর্বোচ্চ ৩ দিনের মধ্যে জমে থাকা পানি পরিষ্কার করা এবং ঘরে আলো বাতাস চলাচলের ব্যবস্থা করা।
Put coconut oil to prevent mosquito bites. Use mosquito nets, clean the stagnant water after 3 days maximum, and air the house.

04

সিটি কর্পোরেশন এর কার্যক্রম Municipality Activities

“একা কিছু করা সম্ভব না। [কমিশনার এর অফিস] থানা থেকে যদি আমাদের কোনো লোক উচ্চ পদের কেউ লোক থাকতো... আমরা একা পারছিলাম...”
“You can't do it alone (prevent dengue). If we had a high-ranking person from the [commissioner's office]... we can't do it alone...”

• অনেক মাস ধরে ধোঁয়া দেয় না, এবং তারা জানিয়ে আসে না।
There has been no fogging for many months, and there is no announcement when they come.

• ধোঁয়া দেয়া/স্প্রে করাটা ক্ষতিকারক হতে পারে; সেইজন্য ঘরে ঢুকাটা ভালো চর্চা না।
Fogging/spraying may be harmful; therefore, entering the house is not a good practice.

05

ডেঙ্গু সংক্রান্ত তথ্যের উৎস SOURCES OF INFORMATION ABOUT DENGUE

“ফেইসবুক, টিভি টা কম। মানে আত্মীয় স্বজনের হইছে, আশেপাশের মানুষের হইছে, ওইটা থেকেই মানে জানতে পারছি।”
“(I know about dengue from) Facebook, less TV. I mean, relatives had it (dengue), people around me had it, that's how I know.”

“মানে টিভি দেখে তো বিশ্বাস করব, তারপরও ডাক্তারকে বিশ্বাস করব বেশি।”
“I mean, I will believe watching TV, but I will trust the doctor” more.”

ইমপ্লিকেশন Implications

- কমিউনিটির অংশগ্রহণে ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য লক্ষ্যভিত্তিক কার্যক্রম ডিজাইন করা
- কমিউনিটির সদস্যদেরকে উন্মুক্ত আলোচনায় সম্পৃক্ত করে গবেষণা কার্যক্রম ডিজাইন করা যেন তারা তাদের প্রেক্ষাপট ও প্রয়োজনগুলো বুঝতে পারে।
- ডেঙ্গুর ঝুঁকি ও নিয়ন্ত্রণ নিয়ে কমিউনিটির মধ্যে সহযোগিতা ও যোগাযোগ বাড়াতে বিভিন্ন কার্যক্রম উৎসাহিত করা।

ফলাফল (চকবাজার)

01

ধারণা ও বিশ্বাস

"(যখন) একটা মানুষ আক্রান্ত হয়, তার শরীরে মশাটা যদি বইস্যা আরেক জনের শরীরে কামড় দেয়, তাইলে ঐটা থেকে ডেঙ্গু ছড়ায়। ঠিক আছে?" FGD4

"কারণ ডেঙ্গু যে মশা থেকে উৎপত্তি হয়, চিকুনগুনিয়া টা হচ্ছে অন্য একটা মশা থেকে উৎপত্তি হয়। এজন্য আমাদের প্রয়োজন উভয়টাকেই আমাদের নজরে রাখা।" FGD5

- ডেঙ্গু হলো এডিস মশা এবং তিন দিনের বেশি জমে থাকা পানির কারণে সৃষ্ট একটি প্রাণঘাতী ভাইরাসজনিত রোগ।
- লক্ষণ ও উপসর্গগুলো হল প্লাটিলেট সংখ্যা কমে যাওয়া, জ্বর, মাথাব্যথা, বমি, ভাইরিয়া, চুলকানি, চোখের পিছনে ব্যথা, দাঁতের মাড়ি দিয়ে রক্ত পড়া, এবং শক সিন্ড্রোম এ চলে যাওয়া।

02

ডেঙ্গু সংক্রান্ত তথ্যের উৎস

"মাইকিং হোক বা অন্য যেকোন লিফলেট- যেটাই হোক। কারণ দেখা যায় সবাই তো আর মোবাইল চালু করতেছে না, অনেকের ঘরে টিভিই নাই। এখানে তো..." FGD4

- তথ্যের অন্যান্য উৎসগুলো হলঃ টিভি, অনলাইন টেলিভিশন, মোবাইল ফোন, ব্র্যাক, এনজিও, সোশ্যাল মিডিয়া।

"... আমার কাছে মনে হয় যেমন আপনার বিবিসি, বিবিসি ওয়ার্ল্ড। বিবিসি ওয়ার্ল্ড নিউজ ওইটার প্রতি আমাদের আস্থা বেশি ছিল। কারণ সঠিক উত্তরটাই আমরা জানতে পারতাম..." FGD5

- ডাক্তার" হল সবচেয়ে বিশ্বাসযোগ্য। প্রতিবেশী/বন্ধুগণও বিশ্বাসযোগ্য উৎস হতে পারে।
- তথ্য যাচাই করা উচিত।

03

ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধমূলক কার্যক্রম

"স্যালাইন পান করলে যে প্লাটিলেট টা পরীক্ষা করতে হয় সেটা বাড়ে।" FGD5

"৮০% মানুষ যায় এই ধরনের ওষুধ বিক্রেতা যারা ফার্মেসি তাদের কাছে। আর কিছু সচেতন মানুষ আছে যারা যায় ওইখানে যেখানে একজন রেজিস্টার্ড ডাক্তার আছে।" FGD5

ডেঙ্গু হলে,

- সে ব্যক্তি অবশ্যই মশারী টানিয়ে ঘুমাবে এবং অনেক তরল জাতীয় খাবার খাবে (ভাবের পানি, লেবুর শরবত, স্যালাইন) এবং জ্বর হলে নাপা খাবে।
- দীর্ঘস্থায়ী জ্বর (৪ থেকে ৫ দিনের বেশি) হলে পরীক্ষা করানোর জন্য হাসপাতালে বা ডাক্তারের কাছে যায়।
- ঘর পরিষ্কার রাখা (বিশেষত ছাদ), পানির পাত্রগুলি তিন দিন পর পর খালি করা। মশার কয়েল এবং মশারী ব্যবহার করা।

04

কমিউনিটি ইনভলভমেন্ট

"... আর ধরেন আমার ফ্যামিলিতে যদি কারো হয় (ডেঙ্গু) তখন আমার আত্মীয় স্বজনদের সাথে আলোচনা হয়। পাশের ভাড়াটিয়াদের সাথে আলোচনা হয়।" FGD4

- পঞ্চায়েত হল বাড়িওয়ালাদের একটা সংগঠন যেটা ডেঙ্গু নিয়ন্ত্রণে কাজ করে।
- সরকার উদ্যোগ নিলে কমিউনিটি নিয়ন্ত্রণমূলক কার্যক্রমে অংশগ্রহণ করবে।

05

সিটি কর্পোরেশন এর কার্যক্রম

"সিটি কর্পোরেশনের থেকে কিছু ক্যাম্পেইন হত। আগে এই ক্যাম্পেইন গুলো অনেক হত।" FGD5

- কমিশনার না থাকায় ডেঙ্গু নিয়ন্ত্রণে এলাকাবাসীর প্রচেষ্টা কমে গেছে।
- কিছু মানুষ সিটি কর্পোরেশন কর্মীদের ঘরে যেতে স্বাগত জানাবে যদি সেটা ডেঙ্গু প্রতিরোধের জন্য হয়।

পরামর্শ

- সিটি কর্পোরেশনকে ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কর্মসূচি ও পরিকল্পনা প্রণয়নে কমিউনিটির সঙ্গে একযোগে কাজ করতে হবে।
- কমিউনিটির নির্দিষ্ট চাহিদা পূরণের জন্য ডেঙ্গু সম্পর্কিত গবেষণার নকশা ও বিশ্লেষণ বিষয়ে তাদের সঙ্গে আলোচনা এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কমিউনিটির মধ্যে সমন্বয় প্রক্রিয়াগুলোকে আরও শক্তিশালী করতে হবে।

ফলাফল (উত্তরা)

01

ধারণা ও বিশ্বাস

"... জ্বর আসলে সব কিছু ব্যাথা করেই। আমার চুল, কান, নাক, চোখ সব কিছু ব্যাথা করতেছে এমন অবস্থা।... নাপা খাই, শরীর ঘামে... এখান থেকে এখানে যাই অস্থির লাগে আর কোন কিছু ভাল লাগে না। তারপর যখন জ্বরটা কইমা যায় দুইদিন পর কমার সাথে সাথেই ঘামাচির মত শরীরে হয়।... চুলকানির মতো যে হয় আমার মনে হয় এইটা ডেঙ্গুর বিষ।" FGD6

- ডেঙ্গু একটি প্রাণঘাতী রোগ, যা মশার মাধ্যমে ছড়ায় এবং এর প্রজননের জন্য স্থির ও নোংরা পানির প্রয়োজন হয়।
- লক্ষণ/উপসর্গগুলো হল: জ্বর, মাথাব্যথা, ব্যথা, ফোলা, চুলকানি/ফুসকুড়ি এবং পেটব্যথা।
- আক্রান্ত কাউকে মশা কামড়ালে, এবং সেই মশা অন্য কাউকে কামড়ালে তারও ডেঙ্গু হতে পারে।

02

ডেঙ্গু সংক্রান্ত তথ্যের উৎস

"তথ্য পাই টেলিভিশন থেকে। কতজন একদিনে কতজন মারা গেছে কিংবা কতজন ভর্তি হয়েছে? দৈনিক দশটার দিকে খবর দেখি। ডেঙ্গু হইলে বাসায় চিকিৎসা দিয়েন না। দ্রুত মেডিকলে আসেন।" FGD6

"(আমি বিশ্বাস করি) টিভির খবর। সরাসরি টিভিতে দেখায় যে এতজন রোগী মারা গেছে, এতজন ভালো হইসে, এতজন মারা গেছে। টিভির চ্যানেলে সরাসরি দেখায়।" FGD6

- টিভি, খবর/সংবাদ, প্রতিবেশী, অনলাইন ডিভিওতে বিজ্ঞাপন, সিটি কর্পোরেশন এর মাইকিং। স্কুলে বাচ্চাদের তথ্য দেয়া হয়। প্রতিরোধের জন্য স্কুলে মিটিং হয়।
- সবচেয়ে বিশ্বাসযোগ্য হল টিভির খবর/সংবাদ, বন্ধু-বান্ধব, সিটি কর্পোরেশন, এবং মসজিদ। ডাক্তারও বিশ্বাসযোগ্য উৎস হতে পারে।

03

ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধমূলক কার্যক্রম

"... মশারী টানায় দেই, যখন বাচ্চা ঘুমায়। কয়েক দিনে জ্বলাই না, রাতে জ্বলাই... আর বারান্দায় ফুলের টব থাকলে, পানি জমে থাকলে আমি এইগুলো পরিষ্কার করি।" FGD6

- অন্য একটা পদক্ষেপ হল বর্ষাকালে স্প্রে এর ব্যবহার করা হয়।

"বাসায় চেষ্টা করি আমরা যে জ্বর মনে করেন, বারে বারে শরীর মুছাইয়া দিই। হয়তো নাপা একটুটা খাওয়ার চেষ্টা করি। জ্বর যাতে নামে। যদি না নামে তাহলে আমরা বাধ্য হয়ে হাসপাতালে যাই।" FGD7

- নির্দিষ্ট কিছু খাবার লক্ষণগুলো নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে (আনারস, ডাবের পানি, লেবুর শরবত, মাল্টা, আপুর, আম)।
- সাধারণত জ্বর হওয়ার দুইদিন থেকে দশদিন পর পর্যন্ত ডাক্তারের কাছে যাওয়া হয়। ফার্মাসির ডাক্তার ডেঙ্গু সংক্রান্ত তথ্য ও টেস্ট দেয়।

04

কমিউনিটি ইনভলভমেন্ট

"দেখা গেছে আমি বাড়িতে গেলাম, বাড়িতে গিয়ে বলি যে আমাদের ঢাকায় ডেঙ্গু হয়েছে। এরকম হলে ডেঙ্গুর লক্ষণ হয়। অন্যদের সাথে এগুলো নিয়ে আলোচনা করছি [...] নিজের আত্মীয় স্বজনের সাথে।" FGD7

"স্কুলে ডেকে মিটিং করেছে তারপর একটা বই দিলে। বইয়ের ভিতর ডেঙ্গু মশার ছবি দেওয়া, কিভাবে ডেঙ্গু ছড়ায় এগুলো সবকিছুই। বাচ্চা নিয়ে দেখাইসে। [...] বাচ্চাদের বোঝানোর জন্য এই বইটা দিচ্ছে যে বাচ্চারা যাতে দেখে বুঝতে পারে যে ময়লা পানি জমা থাকলে। (বই এ) ডেঙ্গু কিভাবে ছড়াচ্ছে ছবি দেওয়া থাকে। লেখাও থাকে।" FGD7

05

সিটি কর্পোরেশন এর কার্যক্রম

"...সিটি কর্পোরেশনের লোক এসে বাড়িওয়ালা সবাইকে বলে যে যার যার পলি সে পরিষ্কার করে রাখবে... "আপনারা যতটুকু পারবেন বাড়িওয়ালাদের দয়া করে হেল্প করবেন"... তখন আমাদের বাড়িওয়ালারা আমাদের সাথে বসছেন, বলছেন যে আপনারা ঘর-বাড়ি পরিষ্কার করে রাখবেন, আর কোন কিছু সমস্যা হলে আমাদেরকে জানাইয়েন।" FGD6

- সিটি কর্পোরেশন বিভিন্ন পদক্ষেপ নেয়। যেমন, ধোঁয়া দেয়া এবং স্প্রে করা।
- কমিশনার এর অনুপস্থিতির কারণে ডেঙ্গু নিয়ন্ত্রণ এর পদক্ষেপ হ্রাস পেয়েছে।

পরামর্শ

- সিটি কর্পোরেশনকে ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কর্মসূচি ও পরিকল্পনা প্রণয়নে কমিউনিটির সঙ্গে একযোগে কাজ করতে হবে।
- কমিউনিটির নির্দিষ্ট চাহিদা পূরণের জন্য ডেঙ্গু সম্পর্কিত গবেষণার নকশা ও বিশ্লেষণ বিষয়ে তাদের সঙ্গে আলোচনা এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ডেঙ্গু নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কমিউনিটির মধ্যে সমন্বয় প্রক্রিয়াগুলোকে আরও শক্তিশালী করতে হবে।

Activité 2. Atelier sur les questionnaires CAP

Enregistrement vidéo de l'atelier: [2025-10-26 1430 - WORKSHOP 1 | Videos & Movies on Vimeo.](#)

